

নারী নির্যাতন প্রতিরোধ সেল ও মহিলা সহায়তা কেন্দ্র
পরিচালনা নীতিমালা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

**শিবোনাম : নারী নির্যাতন প্রতিরোধ সেল ও মহিলা সহায়তা কেন্দ্র পরিচালনা
নীতিমালা**

১। **পটভূমি** : অসহায়, দুঃস্থ ও নির্যাতিত মহিলাদের নৈতিক মূল্যবোধ, আইনগত অধিকার ও সচেতনতা বৃদ্ধি, চাকুরীক্ষেত্রে অধিকতর সুযোগ সৃষ্টি দেশের নিম্ন আয়ভুক্ত মহিলাদের উৎপাদিত দ্রব্যাদি বাজারজাতকরণের লক্ষ্যে জুলাই/৯১ সালে "মহিলাদের অর্থকরী কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি এবং আইনগত সহায়তা সংক্রান্ত সমন্বিত কর্মসূচী" প্রকল্প নামে একটি প্রকল্প চালু করা হয়, যা জুলাই/৯৫ মেয়াদে বাস্তবায়িত হয়। এ ছাড়া নির্যাতিত মহিলাদের সাময়িক নিরাপদ আশ্রয় দান এবং আইনগত সহযোগিতা সহ সম্ভাব্য সকল প্রকার সুযোগ প্রদানের মাধ্যমে আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তোলার জন্য নোরাড অনুদানে 'মহিলা সহায়তা কেন্দ্র' নামে অপর একটি প্রকল্প জুলাই/৯২ এ শুরু হয়ে জুন/৯৫ এ সমাপ্ত হয়। প্রকল্প দুটির উদ্দেশ্য এবং কার্যক্রম একই ধরনের হওয়ায় পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প দুটিকে একীভূত করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে প্রকল্প দুটি "মহিলা সহায়তা কর্মসূচী" শিরোনামে জুলাই/৯৫ হতে জুন/২০০১ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্প পরবর্তীকালে কার্যক্রমটি রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়িত হচ্ছে।

কার্যক্রমের অধীনে বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে ব্যয়করণ ও এতদসংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নীতিমালা প্রণয়ন জরুরী। কার্যক্রমের ধরনে ভিন্নতা থাকায় এবং পৃথক বরাদ্দ পাওয়ায় আইন সহায়তা (নারী নির্যাতন প্রতিরোধ সেল এবং মহিলা সহায়তা কেন্দ্র) কার্যক্রমের জন্য একটি পৃথক নীতিমালা প্রণয়ন করা হল।

২। **উদ্দেশ্য** :
২.১ নারী নির্যাতন প্রতিরোধ সেলের বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে সব ধরনের আইনগত সহায়তা প্রদান।
২.২ মহিলা সহায়তা কেন্দ্রের বিভাগীয় কার্যালয়ের প্রতিটি আশ্রয় কেন্দ্রের মাধ্যমে নির্যাতিত, দুঃস্থ, অসহায় ও আশ্রয়হীন মহিলাদের ও তাদের সাথে অনধিক ২জন শিশুর (১২ বছরের নীচে) আশ্রয়সহ অন্যান্য সুবিধা প্রদান।

৩। **কার্যক্রম** :
৩.১ নারী নির্যাতন প্রতিরোধ সেলঃ সকল শ্রেণীর নির্যাতিত মহিলাদের অভিযোগ গ্রহণ, পক্ষদ্বয়ের গুনানী গ্রহণ, পারস্পরিক আলোচনার ভিত্তিতে পারিবারিক সম্পর্ক স্থাপন, সন্তানের ভরণ পোষণ আদায়, দেনমোহরানা ও খোরপোষ আদায়, সব ধরনের আইনগত পরামর্শ দান, সেলের অনিষ্পত্তিকৃত অভিযোগসমূহ সেলের আইনজীবির মাধ্যমে পারিবারিক ও ম্যাজিস্ট্রেট আদালতে বাদীর পক্ষে মামলা পরিচালনা করা।

৩.২ মহিলা সহায়তা কেন্দ্রঃ নির্যাতিত, দুঃস্থ, অসহায় ও আশ্রয়হীন মহিলাদের ২টি শিশু সন্তানসহ (অনধিক ১২ বছর) ১বছর আশ্রয় সুবিধা প্রদান, কেন্দ্রে থাকাকালীন বিনা খরচে খাদ্য, লব্ধ, শিক্ষা ও চিকিৎসা সুবিধাদি প্রদান, বিভিন্ন ট্রেডের উপর প্রশিক্ষণ প্রদান, কেন্দ্র ত্যাগকালীন ট্রেড সহায়ক যন্ত্রপাতি প্রদান।

৪। **কার্যক্ষেত্র** : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় বিভাগীয় শহর সমূহে বর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হবে। পরবর্তীতে এ কার্যক্রম অন্যান্য এলাকায় সম্প্রসারিত হলে তা এ নীতিমালায় অন্তর্ভুক্ত হবে।

৫। **কার্যক্রম পরিচালনা** : সুষ্ঠুভাবে নারী নির্যাতন প্রতিরোধ সেল এবং মহিলা সহায়তা কেন্দ্রের কার্যক্রম পরিচালনার সার্বিক ক্ষমতা পরিচালনা কমিটির উপর ন্যস্ত থাকবে।

৬। **পরিচালনা কমিটি** : প্রতিটি বিভাগীয় কার্যালয়ের জন্য পরিচালনা কমিটির গঠন নিম্নরূপঃ

- | | | |
|-----|--|--------|
| (১) | উপ-পরিচালক(ম্যাজিস্ট্রেট)/অফিস প্রধান
মহিলা বিষয়ক অধিদপ্তর | সভাপতি |
| (২) | আইনজীবী
মহিলা সহায়তা কর্মসূচী, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |

